

১৯/১২/২০০১
পৃষ্ঠা ৯ কলাম ৬

বেসরকারি মাধ্যমিক শিক্ষকগণের ডিসেম্বরের বেতন প্রসঙ্গে

বেসরকারি পর্যায়ের মাধ্যমিক স্কুল-
কলেজ-মাদ্রাসার শিক্ষকগণকে কোনো
উৎসব ভাতা দেওয়া হয় না। বহু বছর
ধরে বেসরকারি মাধ্যমিক শিক্ষকগণের
প্রাণের দাবি সত্ত্বেও এই দাবি মেনে
নেওয়া হয়নি, তাই প্রতি বছর ঈদ করার
মতো কোনো সামর্থ্য না থাকলেও
বেসরকারি মাধ্যমিক শিক্ষকগণ

পরিবারের সদস্যদের মুখের দিকে চেয়ে
ধার-দেনা করে কোনোভাবে পরিবারকে
খুশি করার প্রাণান্তকর চেষ্টা চালান এবং
পরের মাসগুলোতে তার জের টেনে
তাদেরকে গ্লানিকর খেসারত দিতে হয়।
যেখানে সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ
মাসের ১৫ তারিখের মধ্যেই রিজুহস্ত
হয়ে পড়েন, সে ক্ষেত্রে গত
১৭/১২/২০০১ তারিখে অনুষ্ঠিত ঈদুল
ফিতর বেসরকারি মাধ্যমিক
শিক্ষকগণের জীবনযাত্রার মারাত্মক

সংকট সৃষ্টি করেছে।

তাই যথাযথ সংশ্লিষ্ট কর্মকর্তা ও
কর্মচারী যেন অবিলম্বে বেসরকারি স্কুল-
কলেজ, মাদ্রাসার শিক্ষকগণকে ডিসেম্বর
মাসের বেতন দেওয়ার ব্যবস্থা গ্রহণ
করেন, যাতে বেসরকারি মাধ্যমিক
শিক্ষকগণ জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে
ডিসেম্বর মাসের বেতন পেয়ে যান।
সেই সঙ্গে শিক্ষা দপ্তর এবং সকল
সংশ্লিষ্ট কর্মজীবী ও নেতৃবৃন্দ যেন
বেসরকারি মাধ্যমিক শিক্ষক তাদের

প্রাপ্ত বেতন-ভাতার বরাদ্দকৃত সরকারি
অংশের টাকা মাসের প্রথম সপ্তাহে না
হলেও যেন দ্বিতীয় সপ্তাহে পেয়ে যান।
বিভিন্ন গ্রুপে বিভক্ত শিক্ষকবৃন্দ এবং
শিক্ষা দপ্তর যদি এ ব্যাপারে গুরুত্ব
আরোপ করেন তাহলে সারা দেশে
অবস্থানরত বেসরকারি মাধ্যমিক
শিক্ষকগণ উপকৃত হবেন।

শামসুল ফয়েজ
আকুয়া
ময়মনসিংহ।